দৈনিক জনকণ্ঠ

তারিখ ০1 FEB 2016
পৃ... ১ ... কলাম ... ২

# পরীক্ষার্থীদের যাতায়াতের সুবিধার্থে মন্ত্রিসভার বৈঠকের স্থান বদল

বিশেষ প্রতিনিধি ॥ এসএসসি পরীক্ষার্থীদের যাতায়াতের সুবিধার্থে প্রধানমন্ত্রী শেখ হাসিনা মন্ত্রিসভার বৈঠকের স্থান পরিবর্তন করেছেন। পরীক্ষার্থীরা যাতে কোনভাবেই অসুবিধায় না পড়ে সেজন্য পরীক্ষা শুরুর আগে তিনি সড়কেও না নামার সিদ্ধান্ত নিয়েছেন। প্রতিদিন নির্দিষ্ট সময়ে প্রধানমন্ত্রী অফিসে গেলেও আজ সোমবার দেড় ঘণ্টা বিলম্বে অফিসে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছেন তিনি।

আজ সোমবার সারাদেশে এসএসসি ও সমমানের পরীক্ষা একযোগে শুরু হবে। আজ সকালেই মন্ত্রিসভার নিয়মিত বৈঠকের সূচী রয়েছে। মন্ত্রিসভার বৈঠকটি প্রতি সপ্তাহে সচিবালয়ের মন্ত্রিপরিষদ কার্যালয়ে অনুষ্ঠিত হলেও এসএসসি পরীক্ষার্থীদের কথা মাথায় রেখে প্রধানমন্ত্রীর নির্দেশে কার্যসূচীতে কিছু পরিবর্তন আনা হয়েছে।

এ প্রসঙ্গে প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব আশরাফুল ইসলাম খোকন গণমাধ্যমে জানান, মন্ত্রিসভার বৈঠক সচিবালয়ের পরিবর্তে আজ প্রধানমন্ত্রীর কার্যালয়ে

(২ পৃষ্ঠা ৬ কঃ দেখুন)

## পরীক্ষার্থীদের

(প্রথম পৃষ্ঠার পর)

অনুষ্ঠিত হবে। এসএসসি পরীক্ষার্থীরা পরীক্ষার হলে প্রবেশের পর প্রধানমন্ত্রী শেখ হাসিনা সকাল সাড়ে দশটায় গণভবন থেকে বের হয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে যাবেন। পরীক্ষার্থীদের যাতায়াতের সুবিধার্থে প্রধানমন্ত্রী এ সিদ্ধান্ত নিয়েছেন বলে জানান খোকন।

উল্লেখ্য, নিরাপত্তার কারণে প্রধানমন্ত্রীর যাতায়াতের পথের সড়ক সাময়িক বন্ধ রাখা হয়। এতে জনবহুল ঢাকায় যানজটের সৃষ্টি হয়। এসএসসি পরীক্ষার সময় প্রধানমন্ত্রীর যাতায়াতের সময়সূচী থাকলে অনেক পরীক্ষার্থীর নির্দিষ্ট সময়ে পরীক্ষার হলে পৌঁছানো অনিশ্চিত হয়ে পড়ে। এ বিষয়টি মাথায় রেখেই প্রধানমন্ত্রী তাঁর দিনের কার্যসূচীতে এমন পরিবর্তন এনেছেন বলে জানা গেছে।